# AKASHVANI (Kolkata)
# Regional News
# 24-04-24
# 7.50 PM

বিশেষ বিশেষ খবর –

১/ লোকসভা ভোটের দ্বিতীয় দফায় ৯৮ শতাংশ ভোটগ্রহণ কেন্দ্রকেই সঙ্কটপ্রবণ এবং অশান্তিপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে।

# দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট– এই তিনটি লোকসভা কেন্দ্রে মোতায়েন থাকছে ২৭২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও ২৭০ কোম্পানী 'কুইক রেসপন্স টিম'।

২/ দ্বিতীয় দফার প্রচার পর্ব আজ বিকেলে শেষ হয়েছে। ভোট নেওয়া হবে শুক্রবার ২৬শে এপ্রিল।

৩/ SSC মামলায় প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মীর চাকরী বাতিলের রায় নিয়ে ফের প্রশ্ন তুলেছেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

৪/ এই রায়কে সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ জানিয়েছে রাজ্য সরকার। রাজ্য শিক্ষা দপ্তর, স্কুল সার্ভিস কমিশন এবং মধ্যশিক্ষা পর্ষদ আলাদাভাবে মামলা করেছে।

৫/ রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ হলেন, সহ অধ্যক্ষ স্বামী গৌতমানন্দ।
৬/ দক্ষিণববঙ্গে আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

************************************************************

লোকসভা ভোটের দ্বিতীয় দফায় ৯৮ শতাংশ ভোট গ্রহণ কেন্দ্রকেই ক্রিটিক্যাল বা সঙ্কট প্রবণ এবং ভালনারেবল বা অশান্তপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। ফলে সমস্ত বুথেই থাকবে কেন্দ্রীয় বাহিনী। ভোটের দিন কোনো গন্ডোগোল হলে, চটজলদী ব্যবস্থা নেবার জন্য থাকবে ২৭০ কোম্পানী কুইক রেসপন্স টিম- QRT । ভোটের ডিউটিতে থাকছে ২৭২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও প্রায় ১৩ হাজার রাজ্য পুলিশ।
দক্ষিণ দিনাজপুরে ৭৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও ৭৩ টি QRT মোতায়েন থাকছে। দার্জিলিং-এ থাকছে ৫১ কোম্পানী বাহিনী এবং ৫০টি QRT । কালিম্পং-এ ১৬ কোম্পানী বাহিনী ও ১৫টি QRT মোতায়েন করা হবে। সমতলে অর্থাৎ শিলিগুড়ি এলাকায় থাকছে ২১ কোম্পানী বাহিনী এবং ২১ টি QRT।
উত্তর দিনাজপুরে মোতায়েন করা হচ্ছে ১১১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এর মধ্যে ইসলামপুরে থাকছে ৫১ ও রায়গঞ্জে ৬০ কোম্পানী । ইসলামপুরে QRT রাখা হছে ৫১টি, রায়গঞ্জে-৬০ টি। সমস্ত বুথেই হবে ওয়েব কাস্টিং।
দার্জিলিং পার্বত্য এলাকার ভোট কেন্দ্রগুলিতে পৌঁছতে আজ'ই রওনা হয়েছেন ভোট কর্মীরা।
দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট- এই তিন আসনে ভোটার সংখ্যা ৫১ লক্ষ ৩২ হাজারের বেশী। প্রার্থী হয়েছেন ৪৭ জন, এর মধ্যে ৩'জন মহিলা।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, ৭'ই মে তৃতীয় দফা নির্বাচনের আগে রাজ্য আসছে আরো ১০৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

রায়গঞ্জ কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন- (ভিসি)।

*******************

দ্বিতীয় দফার লোকসভা নির্বাচনের প্রচার আজ শেষ হয়েছে। এই দফায় দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট আসনে ভোট নেওয়া হবে শুক্রবার ২৬শে এপ্রিল। শেষ মুহুর্তে ভোটারদের মন জয়ে ঝাঁপিয়ে পড়েছিলেন সব দলের প্রার্থীরাই। পূর্ব বর্ধমানের আউসগ্রামে জনসভা করেন তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। এদিন'ও হাইকোর্টের নির্দেশে চাকরি বাতিলের বিরুদ্ধে সরব হন তিনি।

এই জেলার'ই বুদবুদের তিলডাঙ্গা মাঠের জনসভায় তৃণমূল নেত্রী বলেন, দেশে স্বৈরতন্ত্র কায়েম করতে চাইছে বিজেপি। সব কিছুরই গেরুয়াকরণ হচ্ছে। প্রচন্ড গরমে এত দীর্ঘ সময় ধরে ভোট করানোর জন্য নির্বাচন কমিশনের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

তারকা প্রচারক দেব আজ উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে, রায়গঞ্জের তৃণমূল কংগ্রেস প্রার্থীর হয়ে রোড শো করেন। বালুরঘাটের বিজেপি প্রার্থী সুকান্ত মজুমদার'ও দিনভর প্রচার চালিয়েছেন। আজ এক সাংবাদিক বৈঠকে, এত লোকের চাকরী বাতিল হওয়ার জন্য মুখ্যমন্ত্রীকেই দায়ী করেন তিনি।

মুর্শিদাবাদের জঙ্গীপুর লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থী খলিলুর রহমানের সমর্থনে আজ রঘুনাথগঞ্জে জনসভা করেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি। একযোগে CPIM ও কংগ্রেসকে আক্রমণ করে তিনি বলেন, বাংলায় কংগ্রেস ও CPIM, বিজেপির বি-টিম হিসেবে কাজ করছে, বিজেপির বিরুদ্ধে একমাত্র লড়াই করছে তৃণমূল কংগ্রেস। ওই দু'টি দল কার হাত শক্তিশালী করছে, সেই প্রশ্ন'ও তোলেন তিনি। এরপর মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের প্রার্থী আবু তাহের খানের সমর্থনে জলঙ্গীতে অভিষেক রোড শো করেন।

অন্যদিকে পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে প্রচারে গিয়ে আজ চোর চোর শ্লোগানের মুখে পড়েন তমলুকের তৃণমূল কংগ্রেস প্রার্থী দেবাংশু ভট্টাচার্য্য। তাঁর সঙ্গী কর্মী সমর্থকদের পালটা শ্লোগানে পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠে। বীরভূমের তৃণমূল কংগ্রেস প্রার্থী শতাব্দী রায় দুবরাজপুরের বালিজুড়ি এলাকায় প্রচারে গিয়ে এক গ্রামবাসীর প্রশ্নের মুখে মেজাজ হারান।

এদিকে, প্রচারের সঙ্গেই চলছে মনোনয়ন পেশের কাজ। আজ বহরমপুরের কংগ্রেস প্রার্থী অধীর রঞ্জন চৌধুরী, মনোনয়ন জমা দেন। বর্ধমান-দুর্গাপুর কেন্দ্রের জন্য প্রার্থীপদ দাখিল করেন বিজেপির দিলীপ ঘোষ।

*******************

এসএসসি নিয়োগ মামলায় কলকাতা হাই কোর্টের রায়কে সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ জানিয়েছে রাজ্য সরকার। রাজ্য শিক্ষা দপ্তর, স্কুল সার্ভিস কমিশন এবং মধ্য শিক্ষা পর্ষদ আলাদাভাবে মামলা করেছে।

গত সোমবার হাইকোর্টের বিচারপতি দেবাংশ বসাক এবং বিচারপতি মহম্মদ শববর রসিদির বিশেষ ডিভিশন বেঞ্চ, ২০১৬-র সম্পূর্ণ SSC প্যানেল বাতিল করে দেয়। এর ফলে চাকরি হারিয়েছেন ২৫ হাজার ৭৫৩ জন

শিক্ষক ও শিক্ষাকর্মী। সে দিনই SSC-র চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার জানিয়েছিলেন, হাইকোর্টের রায়ে তাঁরা খুশী নন, এর বিরুদ্ধে তাঁরা সুপ্রিম কোর্টে যাবেন।

এদিকে, ২০১৫ সালের আপার প্রাইমারি চাকরিপ্রার্থীদের অবস্থান ধর্না মঞ্চের ৫০০- তম দিনে আজ কলকাতায় মিছিল বের করা হয়। ধর্মতলার মাতঙ্গিনী হাজরার মূর্তির পাদদেশ থেকে নিয়োগের দাবিতে মিছিল করেন ওই প্রার্থীরা। শহীদ মিনার, ডোরিনা ক্রসিং হয়ে ওয়াই চ্যানেলে গিয়ে মিছিল শেষ হয়।

*******************

SSC মামলায় হাইকোর্টের রায় নিয়ে তৃণমূল কংগ্রেস এবং মুখ্যমন্ত্রীর বক্তব্যের কড়া সমালোচনা করেছে বিজেপি।

আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র, সাংসদ শমীক ভট্টাচার্য বলেন, যারা চাকরী বিক্রি করেছে, তারা একদিকে আদালতের রায় নিয়ে প্রশ্ন তুলছে, আবার সেই রায়ের বিরুদ্ধে আদালতেই যাওয়ার কথা বলছে।

*******************

রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ হলেন, সহ অধ্যক্ষ স্বামী গৌতমানন্দ। গত ২৬ শে মার্চ প্রেসিডেন্ট মহারাজ স্বামী স্মরণানন্দ প্রয়াত হবার পর অন্তর্বর্তী অধ্যক্ষ নিযুক্ত হয়েছিলেন তিনি।

আজ বেলুড়ে রামকৃষ্ণ মঠের অছি পরিষদ ও রামকৃষ্ণ মিশনের পরিচালন সমিতির বৈঠকে, সপ্তদশতম অধ্যক্ষ নির্বাচিত হন স্বামী গৌতমানন্দ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রামকৃষ্ণ মঠ ও মিশনের নতুন অধ্যক্ষ স্বামী গৌতমানন্দজীকে শুভেচ্ছা জানিয়েছেন।

*******************

দক্ষিণববঙ্গে আগামী রবিবার পর্যন্ত তাপ প্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামী দু'দিন দিনের তাপমাত্রা বাড়তে পারে দুই থেকে ৪'ডিগ্রি।

আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন, আগামীকাল লাল সতর্কতা থাকছে দুই মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম ও বাঁকুড়া জেলায়। দুই ২৪ পরগনায় থাকছে কমলা সতর্কতা।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ফের ৪০ ডিগ্রি ছাড়িয়েছে। স্বাভাবিকের চেয়ে যা ৫'ডিগ্রি বেশী। সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের ৩ ডিগ্রি ওপরে- ২৯ দশমিক ২'ডিগ্রি সেলসিয়াস।

ডায়মন্ড হারবারের তাপমাত্রা উঠেছে ৪১ দশমিক ২'ডিগ্রি সেলসিয়াসে। স্বাভাবিকের চেয়ে যা ৭ 'ডিগ্রি বেশী। হলদিয়া, বাগডোগরা এবং জলপাইগুড়িতেও আজ তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ৭'ডিগ্রি ওপরে ছিল।

*******************

হুগলীর ডানকুনি থানা এলাকার মোল্লারবেড়ে একটি ওষুধের গুদামে আজ ভোরে আগুন লাগে। প্রচুর পরিমাণে কাগজের বাক্স মজুত থাকায় খুব দ্রুত তা ছড়িয়ে পড়ে। ভেঙ্গে পড়ে গুদামের কিছুটা অংশ। দমকলের দশটি গাড়ি ঘটনাস্থলে পৌঁছে প্রায় সাড়ে ৫ ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। হতাহত না হলেও অগ্নিকাণ্ডে বিস্তর ক্ষতি হয়েছে বলে খবর।